গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পূর্বধলা, নেত্রকোণা।

স্মারক নং ঃ ০৫.৪৫.৭২৮৩.০০০.৩৩.২২২.২৬-০২ তারিখ ঃ ০৪.০১.২০২৬ খ্রিঃ

## জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী পূর্বধলা উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০ একর পর্যন্ত) ইজারাযোগ্য জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ২৩ নভেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ/ সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণ পূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

**সময়সূচি**

| অনলাইনে আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের বিডি/পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ০১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/১৫.০১.২০২৬খ্রিঃ<br>থেকে<br>১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ২৮.০১.২০২৬খ্রিঃ | ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯.০১.২০২৬ খ্রিঃ<br>থেকে পরবর্তী ৩ (তিন) কার্য দিবস। (১৫ হতে ১৯ মাঘ ১৪৩২/ ২৯ জানুয়ারী হতে ০২ ফেব্রুয়ারী ২০২৬)<br>(সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত)। |

**পূর্বধলা উপজেলাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একর পর্যন্ত জলমহালের তালিকা**

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | বার্ষিক ইজারা মূল্য | ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | খলিশাউড় | কুক্কুয়াখালী ডোবা | ১.৪০ | ১১০৩/- | ১৪৩৩-১৪৩৫ | কোনো জলমহালের বিষয়ে কোনো নিষেধাজ্ঞার আদেশ থাকলে কিংবা ইজারা সংক্রান্ত বিষয়ে মহামান্য আদালতের ভিন্নরূপ কোনো সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহাল ক্যালেন্ডার হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। |
| ০২ | বৈরাটি | মাথাং খাস পুকুর | ০.৩৫ | ৮৭৫/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৩ | গোহালাকান্দা | কিসমতবাড়েঙ্গা খাস পুকুর-০১ | ০.৬৮ | ১৮৩৮/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৪ | গোহালাকান্দা | কিসমতবাড়েঙ্গা খাস পুকুর-০২ | ০.৪৬ | ১৫৪৪/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৫ | বিশকাকুনি | জালশুকা খাসপুকুর | ০.৩৫ | ৯৪৫/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৬ | হোগলা | কালিহর খাসপুকুর | ০.৬৮ | ৩৮৫১/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৭ | পূর্বধলা সদর | শালদীঘা ডোবা | ১.১৮ | ২৭৩০/- | ১৪৩৩-১৪৩৫ | |

০১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

০২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোনো আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোনো জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

০৩. জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি (www.purbadhala.netrokona.gov.bd) ওয়েবসাইটেও পাওয়া যাবে।

০৪. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি জেলা ওয়েবপোর্টাল ও জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৫. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে সকল তথ্যাদি প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলায় এবং একক প্রিন্টেড কপি সংশ্লিষ্ট উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর জলমহাল ইজারা প্রাপ্তির আবেদনে কথাগুলো স্পষ্ট ভাবে লিখতে হবে। খামের বাম পার্শ্বের নিম্ন ভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৬. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৭. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোনো আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮. কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোনো অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং জলমহাল ইজারা সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশ/নির্দেশ/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যে কোনো আদেশ/নির্দেশ এবং বিধিবিধান ও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

০৪/০১/২৬

মোঃ আনিছুর রহমান খান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পূর্বধলা, নেত্রকোণা।

CS CamScanner

স্মারক নং ঃ ০৫.৪৫.৭২৮৩.০০০.৩৩.২২২.২৬- ০২ তারিখঃ ০৪.০১.২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১.জেলা প্রশাসক , নেত্রকোণা ।
২.অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব)নেত্রকোণা।
৩.সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পূর্বধলা।
৪.উপজেলা.....................কর্মকর্তা, পূর্বধলা, নেত্রকোণা।
৫.চেয়ারম্যান..........................ইউ.পি(সকল), পূর্বধলা।
৬.ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(সকল), পূর্বধলা (বিজ্ঞপ্তিটি বহুল প্রকাশের জন্য) ।
৭. জনাব................................সদস্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, পূর্বধলা, নেত্রকোণা।
৮.অফিস কপি

০৪/০১/২০২৬
তাসনীম জাহান
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পূর্বধলা, নেত্রকোণা।